ফাতওয়া নাম্বার:৩৫২ প্রকাশকালঃ২৮-০৩-২০২৩ ইং

সুদের টাকা দিয়ে কি অন্যায় ট্যাক্স পরিশোধ করা যাবে?

প্রশ্নঃ

বর্তমান সরকার ভ্যাট বা ট্যাক্সের নামে আমাদের ওপর নানাভাবে জুলুম করছে। গত চার-পাঁচ বছরে আমাকে প্রায় তিন লাখের ওপরে ট্যাক্স বাবদ দিতে হয়েছে। আমার জানার বিষয় হলো, সুদের টাকার মাধ্যমে জুলুমের এই টাকা পরিশোধ করতে চাইলে তা পারবো কিনা?

-আবু বকর

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

কারও সুযোগ থাকলে নিজের ইজ্জত আব্রু রক্ষা করে অন্যায়ভাবে আরোপিত ট্যাক্স না দেওয়ার সুযোগ আছে। বরং কারও যদি এমন ট্যাক্স না দেয়ার শক্তি সামর্থ্য থাকে, তাহলে ফুকাহায়ে কেরাম বলেছেন, তার জন্য ট্যাক্স না দেওয়া ওয়াজিব।

আরও জানার জন্য দেখুন, ফাতওয়া: ১৩৭-বর্তমান তাগুত সরকারকে ট্যাক্স দেওয়া কি জায়েয হবে?

তবে কেউ যদি ট্যাক্স দিতে বাধ্য হয়, তাহলে তার জন্য সুদের টাকায় তা পরিশোধ করা জায়েয নয়। কারণ সুদের টাকার বিধান হচ্ছে, সাধারণ মানুষ থেকে গ্রহণ করে থাকলে তা তাকেই ফেরত দেওয়া এবং তার মৃত্যু হয়ে থাকলে তার ওয়ারিশদের ফেরত দেওয়া। তাগুতের কোনও প্রতিষ্ঠান কিংবা অন্য কোনও সুদি প্রতিষ্ঠান থেকে গ্রহণ করে থাকলে, সাওয়াবের নিয়ত ব্যতীত হারামের দায় থেকে মুক্ত হওয়ার উদ্দেশ্যে তা

গরীবদের দিয়ে দেওয়া কিংবা কোনও জনকল্যাণমূলক কাজে খরচ করা। তা না করে সুদের অর্থ কোনোভাবেই নিজের উপকারে ব্যবহার করার সুযোগ নেই। বলা বাহুল্য, সুদের টাকায় ট্যাক্স প্রদান করা, তা নিজের কল্যাণে খরচ করারই নামান্তর। সুতরাং তা থেকে বিরত থাকা জরুরি।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৩-০৭-১৪৪৪ হি.
২৬-০১-২০২৩ ঈ.